

ঢাকা কলেজের ছাত্রদের পেটালেন আইডিয়ালের ছাত্ররা

ঢামেক প্রতিবেদক

২৭ আগস্ট ২০২৩ ০৭:০৮ পিএম | আপডেট: ২৭

আগস্ট ২০২৩ ০৭:৫৫ পিএম

9
Shares



সংগৃহীত ছবি

advertisement..

বাসে উঠে ঢাকা কলেজের কয়েকজন ছাত্রকে পিটিয়েছেন আইডিয়াল কলেজের ছাত্ররা। এরমধ্যে গুরুত্বর অবস্থায় ঢাকা কলেজের দুই ছাত্রকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে চিকিৎসা দেওয়া হচ্ছে।

আজ রোববার আনোয়ার খান মর্ডান মেডিকেল কলেজ হাসপাতালের সামনে এ ঘটনা ঘটে। আহত ছাত্ররা হলেন- জিহাদ ও তুহিন। তারা জরুরি বিভাগে চিকিৎসাধীন রয়েছেন।

advertisement

ওই বাসের আরেক ছাত্র ফাহাদ আমিন সিয়াম বলেন, ‘আমরা পরিক্ষা দিয়ে কলেজের বাসে যাচ্ছিলাম। বাসটি আনোয়ার খান মর্ডাণ মেডিকেল কলেজ হাসপাতালের সামনে যানজটে আটকা পড়ে। তখন আইডিয়াল কলেজের কয়েকজন শিক্ষার্থী তাদের, অন্য শিক্ষার্থীদের খবর দেয়। পরে তারা ১০-১২ জন ৪-৫টি মোটরসাইকেল নিয়ে এসে আমাদের গাড়িতে ওঠে হামলা করে। এসময় আমাদের কলেজের কয়েকজন ছাত্রকে তারা মারধর করেন। তবে কী নিয়ে বিরোধ এ নিয়ে কিছুই জানি না।’

ঢামেক পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. বাচ্চু মিয়া বলেন, ‘আহত দুই শিক্ষার্থী জরুরি বিভাগে চিকিৎসাধীন।’